

প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১৪:২১  
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১৮:১৩

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

# আনিসুল হকের বাসায় প্রধানমন্ত্রী

| অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার দুপুরে প্রয়াত মেয়র আনিসুল হকের মরদেহ দেখতে বনানীর বাসভবনে যান। প্রধানমন্ত্রী আনিসুল হককে দেখতে তার পরিবারের সদস্যদের শান্ত্বনা দেন। পরে প্রধানমন্ত্রী মরহুমের রুহের মাগফিরাত কামনা করে দোয়া মোনাজাত করেন।

শনিবার দুপুরে লন্ডন থেকে আনিসুল হকের কফিন

আসার পর বনানীতে তার বাড়িতে যান প্রধানমন্ত্রী।

এর আগে স্বামীর মরদেহ বাড়িতে নিয়ে গিয়েছিলেন আনিসুল হকের স্ত্রী রুবানা হক।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুপুর পৌনে ২টার দিকে আনিসুল হকের বাড়িতে যান, প্রায় আধা ঘণ্টা সেখানে ছিলেন তিনি।

প্রধানমন্ত্রীর পেয়ে কান্নায় ভেঙে পড়েন আনিসুল হকের স্ত্রী রুবানা। আনিসুল হকের ভাই সেনাপ্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হকও সেখানে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনিসুল হকের কফিনের সামনে মোনাজাত করে পরিবারের সদস্যদের সঙ্গে একান্তে কথা বলেন কিছুক্ষণ।

বিডি প্রতিদিন/২ ডিসেম্বর, ২০১৭/ফারজানা/আরাফাত